গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ
সংবাদকক্ষ ঃ ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

# সংবাদ গতিধারা

## স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা-৬৯/২০২৩-২০২৪**

**ময়মনসিংহ, ০৫ ডিসেম্বর, মঙ্গলবার ২০২৩, ২০ অগ্রহায়ন ১৪৩০**

**আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:**

০১। দেশ বাঁচাতে হলে নদী বাঁচাতেই হবে- প্রধানমন্ত্রী

০২। নির্বাচনে ভোটার উপস্থিতি নিয়ে চিন্তিত নয় আওয়ামীলীগ- সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী

০৩। নির্বাচন পেছানোর আর কোনো সুযোগ নেই- নেত্রকোনায় ইসি আলমগীর

০৪। ময়মনসিংহ বিভাগের ০৪ জেলায় প্রার্থীদের মনোনয়নপত্র যাচাই-বাছাই শেষে বৈধ ও বাতিল ঘোষণা

## ০১। দেশ বাঁচাতে হলে নদী বাঁচাতেই হবে- প্রধানমন্ত্রী

নদীদূষণ বন্ধের নির্দেশনা দিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আমাদের নদী বাঁচাতেই হবে। বাংলাদেশ বাঁচাতে হলে নদী বাঁচাতে হবে। নদী আমাদের বাংলাদেশের জন্য তেমন, ঠিক আমাদের দেহে যেমন রক্ত চলাচলের জন্য শিরা-উপশিরা আছে। আমাদের বাংলাদেশের টিকে থাকাটাও নির্ভর করে এ নদীর উপরে। সোমবার (০৪ ডিসেম্বর) প্রধানমন্ত্রীর কার্যালয়ে ঢাকার চারপাশের নদীগুলোর দূষণরোধ ও নাব্যতা রক্ষার লক্ষ্যে প্রণীত মাস্টারপ্ল্যানের আলোকে সম্পাদিত সমীক্ষা প্রতিবেদন অবলোকন এবং সংশ্লিষ্ট প্রকল্প গ্রহণের নীতিগত সিদ্ধান্ত বিষয়ক সভায় প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক নিউ টাইমস, দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক জাহান ও দৈনিক ময়মনসিংহ প্রতিদিন।

## ০২। নির্বাচনে ভোটার উপস্থিতি নিয়ে চিন্তিত নয় আওয়ামীলীগ- সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী

নির্বাচনে ভোটার উপস্থিতি নিয়ে চিন্তিত নয় আওয়ামী লীগ। কারণ নির্বাচনকে কেন্দ্র করে জাগরণ সৃষ্টি হয়েছে বলে জানিয়েছেন দলটির সাধারণ সম্পাদক, সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। সোমবার (০৪ ডিসেম্বর) দুপুরে আওয়ামী লীগ সভাপতির ধানমন্ডির রাজনৈতিক কার্যালয়ে এক প্রেস ব্রিফিংয়ে তিনি একথা জানান। তিনি বলেন, আমরা মোটেই চিন্তিত বা উদ্বিগ্ন নই। ইতিমধ্যে সারাদেশে জাগরণের ঢেউ নির্বাচনকে সামনে রেখে। ব্যাপক উৎসাহ উদ্দীপনা মানুষের মধ্যে। তাতে ভোটার উপস্থিতি নিয়ে আমরা চিন্তিত নই। আমরা জানি তারা যত বাধাই সৃষ্টি করুক, মানুষ নির্বাচনমুখী। মানুষ ভোট দিতে চায়। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক নিউ টাইমস, দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক জাহান ও দৈনিক ময়মনসিংহ প্রতিদিন।

## ০৩। নির্বাচন পেছানোর আর কোনো সুযোগ নেই- নেত্রকোনায় ইসি আলমগীর

আগে সুযোগ ছিলো, এখন আর নির্বাচন পেছানোর সুযোগ নেই বলে জানিয়েছেন নির্বাচন কমিশনার মো. আলমগীর। সোমবার (০৪ ডিসেম্বর) নেত্রকোনা জেলা প্রশাসকের সম্মেলনকক্ষে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে এ কথা বলেন তিনি। তিনি বলেন, বিদেশীরা আমাদের বন্ধু। তাদের সঙ্গে আমাদের নানারকম অর্থনৈতিক এবং আঞ্চলিক সম্পর্ক রয়েছে। তবে বিদেশীদের সব পরামর্শ আমরা নেই না। যে পরামর্শ আমাদের জন্য ভালো, তা বিবেচনা করতে পারি। তাদের দাবি অনুযায়ী, আমরা সুষ্ঠু সুন্দর পরিবেশে নির্বাচন করতে চাই। আমরা সবার কাছে বিশ্বাসযোগ্য নির্বাচন করতে চাই। সূত্র: দৈনিক স্বজন, দৈনিক নিউ টাইমস ও দৈনিক ময়মনসিংহ প্রতিদিন।

## ০৪। ময়মনসিংহ বিভাগের ০৪ জেলায় প্রার্থীদের মনোনয়নপত্র যাচাই-বাছাই শেষে বৈধ ও বাতিল ঘোষণা

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ময়মনসিংহ জেলায় ১১টি সংসদীয় আসনের প্রার্থীদের মনোনয়নপত্র যাচাই-বাছাইয়ের পর সিদ্ধান্ত ঘোষিত হয়েছে। ময়মনসিংহ জেলা রিটার্নিং অফিসার ও জেলা প্রশাসক মোঃ মোস্তাফিজার রহমান জানান, ময়মনসিংহের ১১টি সংসদীয় আসনের প্রার্থীদের যাচাই-বাছাই শেষে ৮২ জনের মনোনয়নপত্র বৈধ এবং বিভিন্ন ত্রুটি ধরা পড়ায় ২৪ জনের মনোনয়নপত্র বাতিল করা হয়েছে। নেত্রকোনার পাঁচটি আসনের মনোনয়নপত্র যাচাই-বাছাই শেষে ১৩ জনের মনোনয়নপত্র বাতিল করা হয়েছে। আর মোট ২৩ জন প্রার্থীর মনোনয়নপত্র বৈধ বলে ঘোষণা করেছেন নেত্রকোনা জেলা রিটার্নিং কর্মকর্তা শাহেদ পারভেজ। জামালপুরের পাঁচটি আসনে ৩৮টি মনোনয়নপত্রের মধ্যে ২৫টি বৈধ ও ১৩টি বাতিল করা হয়েছে। সোমবার শেরপুর জেলা রিটার্নিং কর্মকর্তার কার্যালয়ে জেলার তিনটি আসনের মনোনয়নপত্র যাচাই বাছাই শেষে ছয়জনের মনোনয়নপত্র বাতিল হয়েছে। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ ও দৈনিক জাহান।

# সম্পাদকীয়

**(ক)** **দৈনিক স্বজন, দৈনিক নিউ টাইমস, দৈনিক জাহান ও দৈনিক আজকের ময়মনসিংহ:** একটি উন্নয়নশীল দেশের অর্থনৈতিক অগ্রযাত্রা অব্যাহত রাখতে হলে আয়ের খাতগুলোর যেমন যথাযথ তত্ত্বাবধান নিশ্চিত করতে হয়, তেমনি সম্ভাবনাময় খাতগুলোর উন্নয়নে ব্যাপক পদক্ষেপ গ্রহণ করা জরুরী। চামড়াশিল্প বাংলাদেশের অন্যতম প্রধান শিল্প। একটি মহল এই শিল্পকে বাংলাদেশ থেকে নিয়ে যেতে নানা ষড়যন্ত্র করছে। অবৈধপথে পাচারের মাধ্যমে চামড়া শিল্পের দেশীয় বাজার একটি চক্র নিয়ন্ত্রণ করছে। এই সিন্ডিকেটকে ভাঙতে হবে। দেশের শিল্প দেশেই রাখতে হবে।

**(খ)** **দৈনিক স্বদেশ সংবাদ:** জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) এর মতে দেশে করদাতার সংখ্যা ৬৫ থেকে ৭০ লাখ হওয়া উচিত হলেও এর সংখ্যা মাত্র ৩৫ লাখ। লক্ষ্যের অর্ধেক হলেও বর্তমানে দেশে করদাতার সংখ্যা আগের তুলনায় বেড়েছে। অনলাইন পদ্ধতিতে আয়কর রিটার্ন জমা দেয়ার সুযোগ থাকায় এবার বেশ সাড়া পাওয়া গেছে রিটার্ন জমায়। অনেকেই ঝামেলামুক্ত উপায়ে বা পরিবেশে কর দিতে চায়। বিপুল সংখ্যক মানুষকে আয়কর রিটার্নের আওতায় আনতে এনবিআরকে কার্যকর পদক্ষেপ নিতে হবে। রিটার্ন জমা দেয়ার বিষয়টিকেও সহজতর করতে হবে।

## প্রবন্ধ/নিবন্ধ

০১। শেখ মনির হাত ধরেই এই দেশে রোপিত হয়েছে যুব রাজনীতির বীজ- মানিক লাল ঘোষ (দৈনিক স্বজন)

০২। জীবন বদলে দেওয়ার চাবিকাঠি মেডিটেশন- কানিজ ফাতেমা দোলা (দৈনিক জাহান, দৈনিক নিউ টাইমস ও দৈনিক আজকের ময়মনসিংহ)

#

রিদওয়ান/রেজভী/সজিব/২০২৩/১০.৩০ ঘণ্টা।